54

দৈনিক সংবাদ

তারিখ 06 JUN 1998
পৃষ্ঠা ? কলাম 8

ঢাকা বিশ্ববিদ্যালয়

# ছাদ মেরামতের দাবিতে কর্মচারী ধর্মঘট

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্টার্ড বিল্ডিংয়ের ৩য় তলার ছাদ যেকোন সময় ধসে পড়তে পারে। এ আশংকায় ছাদ মেরামতের দাবিতে ভবনের পরীক্ষা নিয়ন্ত্রণ শাখার অর্ধশতাধিক কর্মকর্তা-কর্মচারী অনির্দিষ্টকালের জন্য কর্মবিরতি শুরু করেছেন।

কর্ম বিরতির কারণে বাইরে থেকে আসা ছাত্র-ছাত্রীদের এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের চরম ভোগান্তি শুরু হয়েছে। তারা সার্টিফিকেট ও নম্বরপত্র তুলতে পারছে না।

জানা গেছে, এ ভবনের ৩য় তলার ছাদ ও দেয়ালের বিভিন্ন অংশ খসে খসে পড়ছে। গত বছর ছাদের কিছু অংশ খসে পড়লে দু'জন কর্মচারী আহত হয়। দু'বছর আগেই

ধর্মঘট : পৃঃ ১১ কঃ ২

## ধর্মঘট : কর্মচারী

(১ম পৃষ্ঠার পর)

এই ৩য় তলাটিকে পরিত্যক্ত ঘোষণা করেছিল বিশ্ববিদ্যালয়ের প্রকৌশল বিভাগ কিন্তু কর্তৃপক্ষ-কর্মকর্তা কর্মচারীদের তা জানতে দেয়নি।

পরীক্ষা নিয়ন্ত্রণ শাখার প্রধান ঢাকা বিশ্ববিদ্যালয়ের পরীক্ষা নিয়ন্ত্রক শাহ মোঃ হাবিবুর রহমান এ ব্যাপারে সংবাদকে জানান, কর্মকর্তা-কর্মচারীদের কর্মবিরতি ছাড়া আর কিইবা করার আছে? দীর্ঘ দিন যাবৎ এ ব্যাপারে কর্তৃপক্ষের প্রতি দাবি জানানো হলেও কর্তৃপক্ষ কোন সাড়া দেয়নি।